

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৬৫২

আগরতলা, ২৯ অক্টোবর, ২০২৪

**উনকোটি জেলা হাসপাতালে এইচআইভি পজিটিভ
প্রসূতি মায়ের সিজারিয়ান পদ্ধতিতে সফল প্রসব**

আজ ২৯ অক্টোবর ২০২৪ উনকোটি জেলা হাসপাতালের প্রসূতি ও স্ত্রী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীগণ এক এইচআইভি(পজিটিভ)আক্রান্ত প্রসূতি মায়ের সিজারিয়ান পদ্ধতিতে প্রসব করিয়ে নজির সৃষ্টি করেছেন। এই গর্ভবতী মা গতকাল বিকালে প্রসব ব্যথা নিয়ে উনকোটি জেলা হাসপাতালে ভর্তি হন। চিকিৎসকগণ তখন হাসপাতালে প্রাথমিক পরীক্ষায় গর্ভবতী মহিলার শরীরে এইচআইভি ভাইরাসের উপস্থিতির প্রমাণ পান। এই অবস্থায় মহিলার প্রসব ব্যথা বৃদ্ধি পাওয়ায় চিকিৎসকগণ জরুরী ভিত্তিতে উনকোটি জেলা হাসপাতালেই মহিলার প্রসব করানোর সিদ্ধান্ত নেন। এইচআইভি(পজিটিভ)রোগীর অস্ত্রোপচারের ক্ষেত্রে সার্জারির যন্ত্রপাতি সহ সম্পূর্ণ আলাদা সুরক্ষা কিট ব্যবহার করা হয়। উনকোটি জেলা হাসপাতালের চিকিৎসকগণ গর্ভবতী মহিলার অবস্থা বিবেচনা করে অন্য হাসপাতালে রেফার না করে জেলা হাসপাতালেই তৎক্ষণাৎ সার্জারির যন্ত্রপাতি সহ সম্পূর্ণ আলাদা সুরক্ষা কিটের ব্যবস্থা করে সিজারিয়ান পদ্ধতিতে প্রসবের সিদ্ধান্ত নেন। দুপুর ১টা নাগাদ সিজারিয়ান পদ্ধতিতে মহিলার সম্পূর্ণ সুস্থ শিশুর জন্ম দেন। এই সাফল্যে গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছেন হাসপাতালের কর্তব্যরত প্রসূতি ও স্ত্রী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক ডাঃ সুমিত দাস। এই অস্ত্রোপচারে এনেস্থেসিস্ট ছিলেন ডাঃ রূপময় দাস, ওটি সিস্টার ইনচার্জ ছিলেন সাথী ঘোষ, নার্সিং অফিসার ছিলেন করুণা দেববর্মা, ওটি টেকনিশিয়ান ছিলেন সুরঞ্জিত দাস এবং ওটি জিডিএ ছিলেন শুভঙ্কর সাহা সহ অন্যান্য স্বাস্থ্যকর্মীগণ। ভারপ্রাপ্ত স্বাস্থ্য অধিকর্তা এক প্রেস রিলিজে এই সংবাদ জানিয়েছেন।
